দৈনিক আমাদের সময়

তারিখ ২৫ OCT 2016
পৃষ্ঠা ৬ কলাম ৮

কুয়েটের ভর্তি পরীক্ষা ২৮ অক্টোবর

# ১০০৫ আসনে পরীক্ষার্থী ১২৭১৭

নিজস্ব প্রতিবেদক, খুলনা ●

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি পরীক্ষা ২৮ অক্টোবর শুক্রবার সকাল সাড়ে ৯টায় অনুষ্ঠিত হবে। চলতি শিক্ষাবর্ষে ১৪টি বিভাগের মোট ১০০৫টি আসনের বিপরীতে পরীক্ষার্থীর সংখ্যা ১২,৭১৭ জন। এবারের ভর্তি পরীক্ষায় অনলাইনের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পাওয়া ১২,৭৬৮টি আবেদনের মধ্যে বৈধ ১২,৭১৭ জন আবেদনকারীর সবাই ভর্তি পরীায় অংশগ্রহণের সুযোগ পাচ্ছে।

ভর্তি পরীক্ষা কুয়েট ক্যাম্পাস (১০০০১-১৮৩০৯), নিকটস্থ টিচার্স ট্রেনিং (টিটি) কলেজ (১৮৩১০-১৯০৫৯), এইচএসটিটিআই (১৯০৬০-১৯৩৫৯), গভ. ল্যাবরেটরি হাই স্কুল (১৯৩৬০-২০০১৫), টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, বয়েজ (২০০১৬-২০৬৮০), টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, গার্লস (২০৬৮১-২১০৪৫) ও নগরীর বয়রাস্থ খুলনা সরকরি মহিলা কলেজ (২১০৪৬-২২৭১৭) কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

এ বছর ভর্তি পরীক্ষার মাধ্যমে পুরকৌশল (সিই) বিভাগে ১২০ জন, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল (তওই) বিভাগে ১২০ জন, যন্ত্রকৌশল (এমই) বিভাগে ১২০ জন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগে ১২০ জন, ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগে ৬০ জন, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগে ৬০ জন, লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগে ৬০ জন, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগে ৬০ জন, আরবান অ্যান্ড রিজিওনাল পানিং (ইউআরপি) বিভাগে ৬০ জন, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট (বিইসিএম) বিভাগে ৬০ জন, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং (বিএমই) বিভাগে ৩০ জন, আর্কিটেকচার (আর্ক) বিভাগে ৪০ জন, ম্যাটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (এমএসই) বিভাগে ৬০ জন, এনার্জি সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ইএসই) বিভাগে ৩০ জন ও সংরক্ষিত ৫টি আসনসহ সর্বমোট ১০০৫ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে